



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর- ৮৮

বাঘা উপজেলায় ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্বোধন

রাজশাহী; ২৪ কার্তিক (০৯ নভেম্বর):

'উদ্ভাবনী জয়োল্লাসে স্মার্ট বাংলাদেশ' প্রতিপাদ্যে রাজশাহী জেলার বাঘা উপজেলায় ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্বোধন করা হয়েছে।

বুধবার (০৯ নভেম্বর) সকালে বাঘা উপজেলা প্রশাসনের আয়োজনে বাঘা উচ্চ বিদ্যালয় মাঠে এ উদ্ভাবনী মেলার উদ্বোধন করেন বাঘা উপজেলা নির্বাহী অফিসার শারমিন আখতার।

দিনব্যাপী এই মেলায় ৪৩টি স্টল অংশগ্রহণ করে।

ডিজিটাল উদ্ভাবনী মেলায় ৪টি প্যাভিলিয়নে সরকারি বিভিন্ন দপ্তর অংশগ্রহণ করে। পরে অতিথিবৃন্দ বিভিন্ন স্টল ঘুরে ঘুরে দেখেন। এছাড়াও অংশগ্রহণকারী স্টলের মধ্যে উদ্ভাবনী শ্রেষ্ঠদের মধ্যে ১ম, ২য় ও ৩য় ক্যাটাগরিতে পুরস্কার প্রদান করা হয়।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান অ্যাড. মো: লায়ের উদ্দীন লাভলু, সহকারী কমিশনার (ভূমি) জুয়েল আহমেদ।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২২/১৫:৩০ ঘ.